

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

নং ১৫/মুসক/২০১৭-৬০—শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তরে দাখিলকৃত প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তিকালে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর লক্ষ্য করে যে, বিভিন্ন কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনে ASYCUDA World System এ রপ্তানি চালানোর Information Box এ কায়িক পরীক্ষার তথ্য এখনও Entry করা হচ্ছে না এবং Inspection Act Generate করা হচ্ছে না। এদিকে প্রত্যর্পণ প্রদানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০১(১)মুসক(পরিঃ ও প্রত্যর্পণ)/৮৭/৩৩, তাং-৩০-০৩-২০১১ খ্রিঃ এর মাধ্যমে অনলাইন Inspection Act দাখিল বাধ্যতামূলক করা হয়।

০২। সকল প্রকার রপ্তানি পণ্যের বিল অব এক্সপোর্ট এর বিপরীতে ASYCUDA World System এর নির্ধারিত Information Box এর Inspection Act এ কায়িক পরীক্ষার তথ্য অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে স্বয়ংক্রিয় প্রযুক্তিনির্ভর পদ্ধতি ও সংযোগ কাস্টম হাউস ও স্থল কাস্টমস স্টেশনসমূহে পুরোপুরি চালু না হওয়ায় এবং সর্বোপরি সকল কাস্টমস হাউস ও স্থল কাস্টমস স্টেশনে বিশেষত রপ্তানির ক্ষেত্রে ASYCUDA World System এখনো পূর্ণাঙ্গরূপে বাস্তবায়িত হয়নি।

(১০৮২১)

মূল্য : টাকা ৪.০০

০৩। এমতাবস্থায় সকল পণ্যের রপ্তানির বিপরীতে অনিষ্পন্ন প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তির লক্ষ্যে বর্ধিত জাতীয় রাজস্ব বোর্ডের ৩০-০৩-২০১১ খ্রিঃ এর নির্দেশনা কেবল রপ্তানি চালানের জন্য রহিতক্রমে ৩০-০৬-২০১৮ খ্রিঃ পর্যন্ত যে সব চালানের পণ্য রপ্তানি সম্পন্ন হয়েছে/হবে সে সব চালান সংশ্লিষ্ট শিপিং বিলের Inspection Act ছাড়াই রপ্তানি দলিলাদি যথা: পিআরসি, ইএক্সপি ও অন্যান্য প্রাসংগিক দলিলাদির মাধ্যমে রপ্তানি সম্পন্ন নিশ্চিত হওয়া এবং বৈদেশিক মুদ্রা প্রত্যাভাসন নিশ্চিত হওয়া সাপেক্ষে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তি করতে পারবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি জ্ঞাপন করল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

এ.এফ.এম. শাহরিয়ার মোল্লা
সদস্য (শুল্কঃ রপ্তানি বন্ড ও আইটি)।